SET-4

Series &RQPS

Q.P. Code **5**

रोल नं.
Roll No. | | | | | | | | |

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

**নোট**

(I) পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** ছাপা পৃষ্ঠা রয়েছে।

(II) পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে।

(III) প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।

(IV) **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**

(V) প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে কোনও উত্তর লেখা চলবে না।

**NOTE**

(I) Please check that this question paper contains **15** printed pages.

(II) Please check that this question paper contains **16** questions.

(III) Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.

(IV) **Please write down the serial number of the question in the answer-book before attempting it.**

(V) 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*নির্ধারিত সময় : **3** ঘন্টা*
*Time allowed : **3** hours*

*সর্বাধিক নম্বর : **80***
*Maximum Marks : **80***

**General Instructions :**

সাধারণ নির্দেশ :

1. The question paper contains **15** printed pages.
   প্রশ্নপত্রটিতে **১৫**টি মুদ্রিত পৃষ্ঠা আছে।
2. The question paper contains **16** questions.
   প্রশ্নপত্রটিতে **১৬**টি প্রশ্ন আছে।
3. The question paper is divided into **two** parts.
   প্রশ্নপত্রটি দুটি ভাগে বিভক্ত।

| | | |
|---|---|---|
| **PART – A** | : Objective type questions (MCQ) | : **25** marks |
| ভাগ – **A** | : বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (MCQ) | : **25** নম্বর |
| **PART – B** | : Descriptive paper | : **55** Marks |
| ভাগ – **B** | : বর্ণনামূলক প্রশ্ন | : **55** নম্বর |

4. **Part – A** has **three** sections :
   ভাগ – **A**-তে তিনটি বিভাগ বর্তমান :

| | | |
|---|---|---|
| **Section – A** | **: Reading (Unseen Comprehension)** | **: 10 Marks** |
| বিভাগ – **A** | : পঠন (অপঠিত গদ্যের বোধপরীক্ষণ) | **: 10 নম্বর** |
| **Section – B** | **: Grammar** | **: 05 Marks** |
| বিভাগ – **B** | : ব্যাকরণ | **: 05 নম্বর** |
| **Section – C** | **: Main Course Book** | **: 10 Marks** |
| বিভাগ – **C** | : মূল পাঠ্যপুস্তক | **: 10 নম্বর** |

**PART – B** has **three** sections :

ভাগ – **B** -তে তিনটি বিভাগ বর্তমান :

| | | |
|---|---|---|
| **Section – A** | **: Grammar** | **: 10 Marks** |
| বিভাগ - **A** | : ব্যাকরণ | **: 10 নম্বর** |
| **Section – B** | **: Supplementary Reader/Non-detailed Text** | **: 35 Marks** |
| বিভাগ - **B** | : সহায়ক পাঠ / অ-বিস্তারিত পাঠ্য | **: 35 নম্বর** |
| **Section – C** | **: Creative Writing** | **: 10 Marks** |
| বিভাগ – **C** | : সৃজনমূলক লিখন | **: 10 নম্বর** |

## PART – A : Objective Type Paper (MCQ)

### Section – A (Reading) (Unseen Comprehension) 2 × 5 = 10

1. নীচের অনুচ্ছেদ **দুটি** পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো :

(A) পাঁচুর মতো অলস, অপদার্থ চোর ভূভারতে আর দ্বিতীয়টি নেই । কোনোকালে তার জোড়া আরেকটা জন্মাবে বলে মনে হয় না । তার শরীরে চটপটে ভাব বলতে কিচ্ছুটি নেই । বসে আছে তো বসেই আছে, বিড়ি ফুঁকছে তো ফুঁকেই চলেছে । একদিকে কাত হয়ে শুলো তো সারাটা রাত সেভাবেই কাবার করে দিল । আলসেমির জন্য আরেক পাশে ফিরতেও তার ভীষণ কষ্ট । সে যদি ভাবে সকালে বাজারে যাবে, বেরুতে বেরুতে দুপুর গড়িয়ে যায় । আসলে নড়তে চড়তে তার ইচ্ছে করে না । খাওয়াই বলো আর বেড়ানোই বলো আর চুরি করাই বলো, কোনো ব্যাপারেই তার চাড় নেই ।

এই নিয়ে পাঁচুর সঙ্গে তার বউ নেত্যকালির দিন রাত খটামটি লেগেই আছে । নেত্যকালি হলো ডাকসাইটে ভবা চোরের মেয়ে । ভবার খ্যাতির সুবাস সারা দেশে ছড়িয়ে পড়েছে । নেত্যকালির ভাইরাও নামকরা চোর । শুধু কি বাপ আর ভাইরা ? ওর খুড়ো – জ্যাঠা – পিসে – মেসোরাও চুরি বিদ্যায় একেক জনকে তাক লাগিয়ে দিয়েছে । এমন বনেদি বংশের মেয়ে হয়ে সে কিনা এসে পড়েছে পাঁচুর মত একটা লক্ষ্মীছাড়া অকর্মার ধাড়ির হাতে ? এজন্য লজ্জায় ঘেন্নায় আর আফশোসে তার মরে যেতে ইচ্ছে করে । নেত্যকালির বাপ ভাইরা থাকে মস্ত দালান কোঠায় । নিশুতি রাতে লোকের বাড়ি বাড়ি হানা দিয়ে কত কত সোনাদানা, হিরে জহরত নিয়ে আসে । তারা খায় ক্ষীরমন্ডা, রাবড়ি, পোলাও, রুইয়ের মাথা, চিতলের পেটি । মা আর ভাই বউরা পরে দামি দামি জামদানি আর বেনারসি শাড়ি, তাদের গা ভর্তি গয়না । আর সে থাকে কিনা মাটির ঘরে । যার মাথায় ফুটোফাটা টিনের চাল । কপাল ভালো থাকলে দুবেলা জোটে গাবের দানার মত মোটা মোটা লাল চালের ভাত, নইলে খুদের জাউ । পড়তে পায় লাল পাড়ের খেলো শাড়ি । তার বড্ড কষ্ট ।

বাপ ভাইরা, মা আর বৌদিদিরা নেত্যকালিকে ভালো শাড়ি, গয়নাগাটি, মাছ-মাংস, ঘি-দুধ পাঠাতে চায় । কিন্তু সে নেবে কেন ? এতে তার স্বামীর অসম্মান হয় না ? পাঁচু ভালো খেতে ভাল পড়তে নাই দিক, তাই বলে অন্যেরা দিতে থুতে আসে কেন ? নিজে বকাঝকা যাই করুক, পাঁচুর ওপর তার বড় টান । **5 × 1 = 5**

I. পাঁচুর বউয়ের দুঃখের মূল কারণ কী ?

(a) তার পিতা চোর বলে।

(b) তার স্বামী চোর বলে।

(c) গরীব ঘরে তার বিয়ে হয়েছে বলে।

(d) তার স্বামী অলস বলে।

II. নীচের মন্তব্য দুটি পড়ো এবং সঠিক উত্তর নির্বাচন করো :

**বিবৃতি (ক) :** অবস্থাসম্পন্ন বাপের বাড়ি থেকে দামী জামাকাপড়, গয়নাগাটি, খাবার দাবার গ্রহণ করতে নেত্যকালীর ঘোরতর আপত্তি ছিল।

**কারণ (খ) :** অলস, অপদার্থ বলে স্বামীকে বকাঝকা করলেও তার স্বামীর অসম্মান হোক তা সে চায় না।

(a) বিবৃতি (ক) ঠিক, কারণ (খ) ভুল।

(b) বিবৃতি (ক) ভুল, কারণ (খ) ঠিক।

(c) বিবৃতি (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক।

(d) বিবৃতি (ক) এবং কারণ (খ) দুটোই ভুল।

III. নেত্যকালীর পরিবার সম্পর্কে কোন মন্তব্যটি ঠিক ?

(a) নেত্যকালীর বাবা অলস ছিলেন।

(b) নেত্যকালীর স্বামী অলস ছিলেন।

(c) পিতা চোর বলে নেত্যকালীর খুব লজ্জা করত।

(d) স্বামী চোর বলে নেত্যকালীর খুব লজ্জা করত।

IV. অনুচ্ছেদটিতে কয়টি খাদ্যবস্তুর নাম রয়েছে ?

(a) নয়টি (b) দশটি

(c) এগারোটি (d) বারোটি

V. "দুষ্প্রাপ্য" – শব্দটির সন্ধিবিচ্ছেদের সঠিক রূপটি কী ?

(a) দুষ্ + প্রাপ্য (b) দুঃ + প্রাপ্য

(c) দুষ্প্রা + অপ্য (d) দুর্ + প্রাপ্য

(B) গ্রামের মাঠে সার্কাসের তাঁবু পড়েছে । অজস্র মানুষের ভিড় সেখানে । টিকিটের কাউন্টারের সামনে লম্বা লাইন --- বাচ্চা বুড়ো সবার । ... ওয়ান্ডার সার্কাস ।

চার টাকার টিকিট কেটে ভেতরে ঢুকলে, সত্যিই যেন এক আজব জগতের মধ্যে ঢুকে পড়া । আছে গলাকাটা মেয়ে, যার নাম সীতা । যার শরীর দেখা যায় না, শুধু মুন্ডুটা দেখা যায় । দর্শক কোন প্রশ্ন করলে মেয়েটা শুধু জিভ নেড়ে উত্তর দেয় । আছে আলোর রাজকুমারী -- গীতা । সে একটা ছোট্ট মেয়ে । তার সারা শরীরে টুনি – বাল্ব লাগানো । সার্কাসের ম্যানেজার ওয়ান – টু – থ্রী বলার সাথে সাথেই তার শরীরের বাল্বগুলো জ্বলবে আর নিভবে । আশ্চর্য, কোনো ইলেকট্রিক শক লাগছে না মেয়েটার । ঝলমলে আলোর মাঝখানে বসে মিটিমিটি হাসছে সে ।

এছাড়াও এই সার্কাসে জীবজন্তু কম নেই । পাহাড়ি ময়াল, হিমালয়ের শ্বেত ভল্লুক, রুদ্রপ্রয়াগের চিতা, -- মংগোলিয়ান কাকাতুয়া, গোটা কয়েক ভোঁদড়, এরকম কত কি ।

সার্কাসের তাঁবুর বাইরে গেটের কাছে জমকালো পোশাক পরা, প্যান্ট-শার্ট পরা, টুপি মাথায় একটা লোক, কিরকম খোলা গলায় মুখের সামনে মাইক্রোফোন ধরে চেঁচাচ্ছে ক্রমাগত, -- আসুন ! দেখুন ! কথা – বলা সীতা, আলোর রাজকুমারী গীতা, রুদ্রপ্রয়াগের চিতা, -- যার চোখের দিকে তাকালে আপনার রক্ত ঠান্ডা হয়ে যাবে ! মংগোলিয়ান কাকাতুয়ার সঙ্গে এক মিনিট কথা বলতে চান তো চলে আসুন । কাউন্টারের সামনে লাইনে দাঁড়ান । টিকিটের দাম – মাত্র 4 টাকা । ... আসুন ... দেখুন ।

ভিড়ের মধ্যে হাবু চুপচাপ দাঁড়িয়ে লোকটার কথাগুলো শুনছিল । সে একা নয় । সঙ্গে আছে তার ভাই, লাবু । দু-ভাই মেলায় এসেছে ।

বন্যার স্রোতের মতো মানুষ তাঁবুর মধ্যে ঢুকছে আর বেরুচ্ছে । গ্রামের অনেককেই হাবুরা তাঁবুর ভেতর থেকে বেরোতে দেখল ।

তাদের গ্রামেই থাকে রতন। সার্কাসের তাঁবু থেকে সে-ও বেরোলো। হাবু কে দেখতে পেয়ে এগিয়ে এলো। - ----- কিরে ? দেখেচিস সার্কাস ?

নাহ --ঘাড় নাড়লো হাবু।

--এখনই ঢুকে যা। দুজনের আট টাকা লাগবে। .... দেখে আয়। কি চলছে ভেতরে।

চিতাবাগটা কি করছে গো রতনদা ? --লাবু জিজ্ঞেস করল।

--আমরা খাঁচার সামনে গিয়ে দাঁড়াতেই বেটা হাই তুললো। দাঁতগুলো কি ধারালো রে ! যেন ছুরির ফলা। --যা-যা, টিকিটের লাইনে দাঁড়িয়ে পর। কথাগুলো বলে রতন জিলিপির দোকানের দিকে এগিয়ে গেল।

লাবু বায়না ধরল, --চল না রে দাদা সার্কাসে। সবাই যাচ্ছে।... চল না !

-- কি করে যাব ? শুনলি তো দুজনের আট টাকা লাগবে। অত পয়সা আমার কাচে কোতায় ? একটা টাকাও আমার কাচে নেই। কিচু খুচরো পয়সা আচে। তাতে বড়জোর দুজনের বাদাম ভাজা খাওয়া যাবে। সার্কাস দেকা হবে না। কাঁদো কাঁদো মুখে লাবু দাঁড়িয়ে রইল। **5 × 1 = 5**

I. অনুচ্ছেদটি পড়লে বোঝা যায় –

(a) হাবু-লাবু সার্কাস দেখতে ভালোবাসে না।

(b) হাবু-লাবুর পরিবারের আর্থিক অবস্থা ভালো নয়।

(c) হাবু তার পয়সায় লাবুকে সার্কাস দেখাতে চায় না।

(d) সার্কাস না দেখে লাবু বাদাম ভাজা খেতে বেশি আগ্রহী।

II. নীচের মন্তব্য দুটি পড়ো এবং সঠিক উত্তর নির্বাচন করো :

**বিবৃতি** : সার্কাসের মাঠে গিয়েও হাবু-লাবুর গলাকাটা মেয়েটির সাথে বা মংগোলিয়ান কাকাতুয়ার সাথে কথা বলা হল না।

**কারণ** –

**মন্তব্য (ক) :** তাদের কাছে যথেষ্ট পয়সা ছিল না যা দিয়ে পুরো সার্কাস দেখা যায়।

**মন্তব্য (খ) :** তাদের কাছে যেটুকু পয়সা ছিল তা দিয়ে জিলিপি খাওয়াও নয়, কেবল বাদাম খাওয়া সম্ভব ছিল।

(a) মন্তব্য (ক) ঠিক, মন্তব্য (খ) ভুল।

(b) মন্তব্য (খ) ঠিক, মন্তব্য (ক) ভুল।

(c) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ঠিক।

(d) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ভুল।

III. অনুচ্ছেদটিতে সার্কাসের তাঁবুর ভিতরে কত প্রকার জীবজন্তু আছে?

(a) তিন (b) চার

(c) পাঁচ (d) ছয়

IV. আলোর রাজকুমারী গীতা সম্পর্কে কোন বিবৃতিটি ভুল ?

(a) গীতা খুব অল্পবয়েসী একটি মেয়ে।

(b) গীতার শুধু মুখটাই দেখা যায়, শরীর নয়।

(c) ইলেক্ট্রিক বাল্ব জ্বললে গীতা হাসতে থাকে।

(d) ম্যানেজার ওয়ান-টু-থ্রী-বলার সঙ্গে সঙ্গে গীতার শরীরের বাল্বগুলি জ্বলতে নিভতে থাকে।

V. নীচের কোন বাক্যটিতে ঝলমলে শব্দের সঠিক প্রয়োগ হয়েছে ?

(a) আলোর রাজকুমারী ঝলমলিয়ে হাসছে।

(b) মেয়েটি ঝলমলে পোশাক পরেছে।

(c) শিশুটি ঝলমল করে কাঁদছে।

(d) মা ঝলমলে করে রান্না করছেন।

## Section – B (Grammar)

2. **যে কোনো পাঁচটি** বাগ্‌ধারা/প্রবাদের সঠিক উত্তর বেছে লেখ : (MCQ) **5 × 1 = 5**

I. মন্দিরের ভিখারিরা একমুঠো খাবারের আশায় _______ মতো বসে আছে।

(a) মাটির মানুষ (b) তীর্থের কাক

(c) রাঘব বোয়াল (d) সুখের পায়রা

II. "বিপদে ঘাবড়ে যাওয়া" বোঝাতে নীচের কোন বাগধারাটি প্রয়োগ করা হবে ?

(a) উভয় সঙ্কট (b) ঘুঁটে পোড়ে গোবর হাসে

(c) চোখে সর্ষে ফুল দেখা (d) টনক নড়া

III. নীচের কোন বাক্যটিতে 'গৌরচন্দ্রিকা' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(a) আর গৌরচন্দ্রিকা না করে, তোমার আসল মতলবটি বলে ফেলো।

(b) মথুরায় না গেলে গৌরচন্দ্রিকা দেখতে পাওয়া যায় না।

(c) গায়ের রং কালো হলে ও মেয়েটির মুখটি গৌরচন্দ্রিকার মতো সুন্দর।

(d) আমি গৌরচন্দ্রিকা নই যে তোমার কথা মতো চলব।

IV. "রাঘব বোয়াল" বাগ্‌ধারাটির অর্থ কী ?

(a) ব্যক্তিত্বহীন (b) শেষ সম্বল

(c) অদর্শনীয় (d) বড় বেশি চাহিদা যার

V. 'একসঙ্গে দু কাজের ঝুঁকি নেওয়া' বলতে কোন্ বাগধারাটির প্রয়োগ করা হবে ?

(a) দু নৌকায় পা দেওয়া (b) লাগাম ছাড়া

(c) হাতের লক্ষ্মী পায়ে ঠেলা (d) পাকা ধানে মই

VI. 'লাগাম ছাড়া' বাগধারাটির অর্থ কী ?

(a) ঢিলেমি (b) অলীক কল্পনা

(c) বাঁধা বন্ধনহীন (d) নগণ্য ব্যক্তি

VII. "জলে বাস করে কুমীরের সাথে বিবাদ করা" – প্রবচনটি কোন বাক্যে সঠিক প্রয়োগ হয়েছে ?

(a) অফিসে বড় বাবুর মুখে মুখে তর্ক করা জলে বাস করে কুমীরের সাথে বিবাদ করার মতোই।

(b) পরের জিনিষ হারিয়ে অকারণে জলে বাস করে কুমীরের সাথে বিবাদ হল।

(c) যেই আমরা মামলা করেছি অমনি সে জলে বাস করে কুমীরের সাথে বিবাদ করল মামলা জেতার জন্য।

(d) ভাষা ভালভাবে শিখতে হলে জলে বাস করে কুমীরের সাথে লড়াই করতে হবে।

VIII. 'দৃঢ় প্রতিজ্ঞা' বোঝাতে কোন বাগধারাটির প্রয়োগ করা হবে ?

(a) শাখের করাত (b) পাকা ধানে মই

(c) ধনুক ভাঙ্গা পণ (d) গড্ডলিকা প্রবাহ

## Section – C (Main Course Book)

3. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো **(যে কোনো পাঁচটি)** (MCQ) :

**5 × 1 = 5**

I. মুখে অন্য কথা বললেও রজনীকান্ত যে কথাটি মনে প্রাণে বিশ্বাস করতেন সেটি হল –

(a) অভিনেতা মানে একটা চাকর।

(b) নাট্যাভিনয় করা একটা ভাঁড়ের কাজ।

(c) নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প।

(d) অভিনেতা একটি নকলনবীশ।

II. কখন রজনীকান্ত আবোল তাবোল পার্ট করতে লাগলেন ?

(a) যখন তিনি মেয়েটির প্রেমে পড়লেন।

(b) যখন মেয়েটি তাকে বিয়ে করতে চাইল না।

(c) যখন তিনি নেশা করতে লাগলেন।

(d) যখন তাঁর বয়স হলো।

III. রজনীকান্তের জীবনের প্রথম পেশা কী ছিল ?

(a) অভিনয় করা
(b) প্রম্পটার হিসেবে কাজ করা।
(c) নাটকের মঞ্চসজ্জা করা।
(d) পুলিশে চাকরি করা।

IV. যখন রজনীকান্ত ঔরঙ্গজীবের সংলাপ বলছিলেন তখন কালীনাথ তাঁকে কার সংলাপ বলে ক্যাচ ধরিয়ে দিচ্ছিলেন ?

(a) শাহ্‌নাওয়াজ
(b) মহম্মদ
(c) বক্তিয়ার
(d) দিলদার

V. "আজ তবে হাসো, কথা কও, গাও যা দিয়ে আমাকে এতদিন ছেয়ে দিতে" – নাটকে ব্যবহৃত এই উক্তিটি কে কাকে করেছিল ?

(a) রজনীকান্ত তাঁর প্রেমিকাকে
(b) মেয়েটি রজনীকান্তকে
(c) ঔরঙ্গজেব পিয়ারাবানুকে
(d) সুজা পিয়ারাবানুকে

VI. নীচের কোন চারিত্রটির ভূমিকায় রজনীকান্ত অভিনয় করেননি ?

(a) দিলদার
(b) বক্তিয়ার
(c) মহম্মদ
(d) ঔরঙ্গজেব

4. পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো **(যে কোনো পাঁচটি)** (MCQ) : **5 × 1 = 5**

I. হাজং ডালুদের ভাষায় 'দেরাদুন' এর উচ্চারণ কী হবে ?

(a) ডেরাডুন
(b) টেরাটুন
(c) তেরাতুন
(d) ডেরাদুন

II. "মনমোহনের কথায় চেংমানের মাথায় আকাশ ভেঙে পড়ল" – কখন ?

(a) যখন মনমোহন তাকে করুণা করে একটি ছাতা দিতে চাইল।
(b) যখন মনমোহন তার দোকানে কেনা জিনিসের দাম নিল না।
(c) যখন ধারে ছাতি দেওয়ার কথা মনমোহন ভুলে গেল।
(d) যখন মনমোহন তার খাতায় লেখা সুদ সমেত ছাতির দাম দেখাল।

III. "নি উথি মাতি রে" – গারো চাষিদের গানের এই পংক্তিটির অর্থ কী ?

(a) এখন রোয়া লাগাতে যাই। (b) কঠিন মাটি উঠতে চায় না।

(c) আমরা হাল বাইছি। (d) পাহাড়ের নীচে আমাদের জমি।

IV. মুনশির লাথিতে কে মারা গেছিল ?

(a) বীরসা মুন্ডা (b) ত্রিভঙ্গ রায়

(c) যজ্ঞেশ্বর তুরী (d) কেষ্ট তেলি

V. কেসটেবিলে বিচারের পর কোন শাস্তি দেওয়া হতো না ?

(a) ডিগ্রিবন্ধ (b) মার্কা কাটা

(c) কম্বল ধোলাই (d) জুতো সেলাই

VI. রাজা ভাত খাওয়ার লোকেদের জীবনযাত্রার প্রধান অবলম্বন ছিল –

**মন্তব্য (ক) :** থিয়েটার করার ফাঁকে ফাঁকে হোটেল ও চায়ের দোকান করা।

**মন্তব্য (খ) :** চা আর কাঠের কারবার এবং রেলের কাজ করা।

মন্তব্য দুটি পড়ে সঠিক উত্তর নির্বাচন কর :

(a) মন্তব্য (ক) ঠিক, মন্তব্য (খ) ভুল। (b) মন্তব্য (খ) ঠিক, মন্তব্য (ক) ভুল।

(c) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ঠিক। (d) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ভুল।

## PART – B (Descriptive Paper)

### Section – A (Grammar)

5. ধ্বনি বিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোনো একটির দুটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ : **5**

অপিনিহিতি **অথবা** অভিশ্রুতি **অথবা** স্বরসংগতি

6. শব্দার্থতত্ত্বের নিম্নলিখিত প্রকারভেদগুলির যে কোনো **একটির** তিনটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ। **5**

শব্দার্থের অপকর্ষ **অথবা** (OR) শব্দার্থের প্রসারণ

## Section – B
## (Supplementary Reader/Non Detailed text)

7. "চালগুলি সে চিবিয়ে জল খেয়েছিল" – **2 + 3 = 5**

   (a) কে কোথা থেকে এই চাল পেয়েছিল।

   (b) সে চালগুলি চিবিয়ে খেতে বাধ্য হয়েছিল কেন ?

   **অথবা/OR**

   "আমি বেঁচে থাকতে" যে লোকটা না খেয়ে মরে গেল, এ অপরাধের প্রায়শ্চিত্ত কী ?

   (a) কে, কোন ঘটনাটির জন্য নিজেকে অপরাধী মনে করেছিল ?

   (b) এই অপরাধের প্রায়শ্চিত্তের জন্য সে কী করেছিল ?

8. "সেই বিকৃত মুখে ফ্যাক ফ্যাক করে হেসে উঠল সে" – এই হাসির তাৎপর্য্য বিশ্লেষণ কর। **2**

9. "টাকাটা কোনো রিলিফ ফাণ্ডে দিয়ে আসতে হবে" – **3**

   কে, কাকে, কোন টাকা রিলিফ ফাণ্ডে দিয়ে আসতে বলে ?

   **অথবা/OR**

   "দাঁতগুলো বের করে সে কামটের মতোই হিংস্র ভঙ্গী করে" – কে, কেন এরূপ হিংস্র হয়ে উঠেছিল ?

10. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ (যে কোনো **একটি**) **1 × 5 = 5**

    "গাছ আনো, বাগানে বসাও।"

    **অথবা/OR**

    "আমার বিবেক, আমার বারুদ
    বিস্ফোরণের আগে"

11. “কেন ভালোবাসা, কেন-বা সমাজ কীসের মূল্যবোধ” ! **2 + 3 = 5**

(a) কখন আমাদের মূল্যবোধ গুরুত্ব হারিয়ে ফেলে ?

(b) এই পংক্তির মাধ্যমে কবি কোন বার্তা দিয়ে আমাদের জাগরুক করতে চান ?

**অথবা/OR**

“জানিলাম এ জগৎ

স্বপ্ন নয় !”

(a) কোন পরিস্থিতিতে কবির এই উপলব্ধি ঘটেছে ?

(b) এই উপলব্ধির তাৎপর্য্য বিশ্লেষণ কর।

12. চিনের প্রাচীর যখন শেষ হল সেই ...

সন্ধ্যায় কোথায় গেল রাজমিস্ত্রিরা ? **2 + 3 = 5**

(a) চিনের প্রাচীন প্রসঙ্গে রাজমিস্ত্রিদের উল্লেখ করা হয়েছে কেন ?

(b) এই উল্লেখের মাধ্যমে কবির বার্তা কী ?

**অথবা/OR**

“ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার। একলাই নাকি ?”

(a) আলেকজান্ডারের ভারত জয়ের পশ্চাতে কাদের অবদান উল্লেখযোগ্য ?

(b) এই পংক্তির মাধ্যমে কবি কোন বিষয়ের প্রতি পাঠককে সচেতন করতে চেয়েছেন ?

13. “সাব্বাশ ! সাব্বাশ ! এখন বয়েসগুলো কোন্ চুলোয় গিয়ে দাঁড়িয়ে আছে হে !” **2 + 3 = 5**

(a) কে, কাকে এই কথা বলেছে ?

(b) বক্তার কেন মনে হয়েছিল যে তার বয়স হয় নি ?

**অথবা/OR**

“তুমি তাঁদের কেউ না – তুমি থিয়েটারওয়ালা – একটা নকলনবীশ”

(a) কে, কাকে এই কথা বলেছে ?

(b) বক্তা একথা মনে প্রাণে বিশ্বাস না করলেও কেন একথা বলেছিলেন ?

14. "একফোঁটা জলের জন্য ছটফট করতে হবে সারদিন" – **2 + 3 = 5**

(a) কারা, কখন জলের জন্য ছটফট করবেন ?

(b) উপর-ধাওড়ায় জলের অভাবের যে বর্ণনা লেখক করেছেন তা নিজের ভাষায় লেখ।

**অথবা/OR**

"খিটখিটে বুড়িরা শাপমুন্নি দিতে থাকে"

(a) বুড়িরা কাদের কীভাবে আসতে দেখে শাপমুন্নি দিতে থাকে ?

(b) তাদেরকে শাপমুন্নি দেওয়ার কারণ কী ?

## Section – C

## (Creative Writing)

15. নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো : **2 + 3 = 5**

শিলিগুড়ি, ৫ এপ্রিল ঃ – পূর্বাভাস থাকলেও নতুন করে তুষারপাত হয়নি।

পর্বতারোহী সেনা জওয়ান নামিয়ে বা থার্মাল সেনসর ব্যবহার করেও নতুন করে হতাহত কারো সন্ধান পাওয়া যায়নি। তবে মঙ্গলবারের ঘটনার জেরে পূর্ব এবং উত্তর সিকিমে পর্যটক প্রবেশে অনির্দিষ্টকালের জন্য নিষেধাজ্ঞা জারি করল সিকিম প্রশাসন। আবহাওয়া অনুকূল না হওয়া পর্যন্ত কোন অবস্থাতেই পারমিট দেওয়া হবে না বলে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে প্রশাসনের তরফে। মঙ্গলবারের ঘটনা নিয়ে বুধবার উচ্চপর্যায়ের বৈঠক করেন সিকিমের মুখ্যমন্ত্রী। ওই বৈঠকেই এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তুষারধসে একটি শিশুসহ আট পর্যটকের মৃত্যুতে নজরদারি গাফিলতি নিয়ে বিস্তর অভিযোগ ওঠায় রাজ্য সরকারের তরফে উচ্চপর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। পাশাপাশি ঝুঁকিপূর্ণ এলাকাগুলোকে চিহ্নিত করা, ওই এলাকায় সতর্কতামূলক পোস্টার লাগানো এবং কড়া নজরদারির সিদ্ধান্ত নেওয়া হয়েছে বৈঠকটিতে।

তুষারধসে আট পর্যটকের মৃত্যুর পাশাপাশি আহত হন ১৩ জন । প্রাথমিক চিকিৎসার পর তাদের মধ্যে সাতজনকে ছেড়ে দেওয়া হয়েছে । চিকিৎসাধীনদের অবস্থা স্থিতিশীল বলে জানিয়েছে প্রশাসন । এদিন আহতদের দেখার পরেই বিশেষ বৈঠক ডাকার সিদ্ধান্ত নেন মুখ্যমন্ত্রী । ১৩ মাইল পর্যন্ত অনুমতি থাকার পরও কিভাবে ১৫ মাইলে চলে গেলেন পর্যটকরা, বরফে জমাট বাধা জলপ্রপাতের ওপর কিভাবে তারা উঠলেন, এমন নানা প্রশ্ন ওঠে বৈঠকটিতে, এরপরই তদন্ত কমিটি গঠন ঝুঁকিপূর্ণ এলাকাগুলোকে চিহ্নিত করা, জলপ্রপাত এলাকাগুলিতে যাতে পর্যটকরা যেতে না পারেন, তার জন্য কিছু ব্যবস্থা নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে । পর্যটন মন্ত্রী বলেন, "কেউই চাই না দুর্ঘটনা ঘটুক । কিন্তু ঘটনা যখন ঘটে, তার দিকে নজর দিয়ে ভবিষ্যতের জন্য পদক্ষেপ করতে হয় । সেই পদক্ষেপ আমরা করছি ।" মৃতদেহগুলি পরিবারের হাতে তুলে দেওয়া, আহতদের চিকিৎসার ক্ষেত্রে সরকারি তরফে সমস্ত ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান ।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) তিনটি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর ।

16. তোমাদের পাড়ায় একটি ক্রিকেট কোচিং ক্লাশ শুরু হতে চলেছে । এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি কর । (৫০টি শব্দের মধ্যে) **5**

**অথবা/OR**

গ্রীষ্মের ছুটিতে তোমার মা একটি কেক তৈরী শেখানোর অনলাইন ক্লাশ শুরু করবেন । এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি কর । (৫০টি শব্দের মধ্যে)